ইত্তেফাক

100 421

তারিখ ২৭।৫।৮২
পৃষ্ঠা... কলাম...

নারায়ণগঞ্জ পরীক্ষা কেন্দ্র ঢাকায় স্থানান্তর

কড়া পুলিশ প্রহরায় গতকাল (মঙ্গলবার) নারায়ণগঞ্জের দুইটি এইচ,এস,সি পরীক্ষা কেন্দ্রে মোট ২ শত ৪৮ জন ছাত্র-ছাত্রী পরীক্ষায় অংশগ্রহণ করে। তোলারাম কলেজ কেন্দ্রের ৯ শত ২৫ জন ছাত্রের মধ্যে মাত্র ২০ জন ছাত্র ও মহিলা কলেজ কেন্দ্রের ২ শত ২৭ জন ছাত্রীর মধ্যে ২ শত ২৪ জন ছাত্রী পরীক্ষা দেয়। ঢাকা উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড আজ (বুধবার) হইতে তোলারাম কলেজ কেন্দ্র ও মহিলা কলেজ কেন্দ্রের পরীক্ষার্থীদের বাকী পরীক্ষাগুলি ঢাকা কলেজ কেন্দ্রে নেওয়ার সিদ্ধান্ত গ্রহণ করিয়াছে।

পরীক্ষায় বিশৃংখলা সৃষ্টির চেষ্টা করার অভিযোগে পুলিশ পরীক্ষা কেন্দ্রের বাহির ও রাস্তা হইতে ১১ জনকে গতকাল (মঙ্গলবার) গ্রেফতার করে। শান্তিপূর্ণভাবে পুনরায় পরীক্ষা শুরু হইবে—শহরময় মাইকে এই সরকারী ঘোষণার পর ৯টা হইতে অভি-

(৮ম পৃঃ ৫-এর কঃ দ্রঃ)

পরীক্ষা কেন্দ্র ঢাকায় স্থানান্তর

(১ম পৃঃ পর)

ভাবকরা পরীক্ষার্থীদের তোলারাম কলেজ কেন্দ্রে ও ছাত্রীদের মহিলা কলেজ কেন্দ্রে লইয়া আসিতে থাকে। সকাল ১০টা ৫৫ মিনিটে পরীক্ষা কেন্দ্রের বাহিরে দণ্ডায়মান বহিরাগতদের পুলিশ একবার ধাওয়া করিয়া সরাইয়া দেয়। সকাল ১১টার দিকে জেলা প্রশাসক, বোর্ডের কন্ট্রোলার এবং এস, পি, পরীক্ষা কেন্দ্রে পৌঁছিলে তোলারাম কলেজের পরীক্ষার্থীরা জেলা প্রশাসকের নিকট পরীক্ষাশেষে নিরাপদে বাড়ী ফিরিয়া যাওয়ার নিশ্চয়তা ও নিরাপত্তা এবং আরও একদিন পরীক্ষা পিছাইয়া দেওয়ার দাবী জানায়। জেলা প্রশাসক গরীব অভিভাবকদের মুখের দিকে তাকাইয়া ছাত্রদের পরীক্ষায় অংশগ্রহণের আহ্বান জানান। বোর্ডের কন্ট্রোলারও ছাত্রদের পরীক্ষায় অংশগ্রহণের পরামর্শ দেন।

গতকাল সকাল হইতে সারাদিন শহরে থমথমে ভাব বিরাজ করে। স্থানীয় বিভিন্ন রাজনৈতিক দলের পক্ষ হইতে দাবী করা হয়, গতকাল সকাল হইতে বেলা ১২টা পর্যন্ত পুলিশের গুলীতে নিহত পরীক্ষার্থী আবু আউয়ালের স্মরণে শহরে হরতাল পালিত হয়। অপরদিকে মহকুমা প্রশাসন জানান, শহরে কোন হরতাল পালিত হয় নাই। আমাদের রিপোর্টার জানান, সকাল হইতে প্রথম অবস্থায় রিক্সা, বাস চলাচল ও দোকান-পাট বন্ধ ছিল। পরে আস্তে আস্তে শহরে রিক্সা চলাচল শুরু করে এবং চাষাড়া ষ্টেশন হইতে বাস চলাচল শুরু করে। সকাল সোয়া ১০টায় ঢাকা হইতে নারায়ণগঞ্জগামী একটি লোকাল ট্রেন চাষাড়া ষ্টেশনের অদূরে রেল লাইনের উপর ছাত্র-জনতা রেল লাইনে ব্যারিকেড সৃষ্টি করিয়া বন্ধ করিয়া দেয়। দুই ঘণ্টা পর পুলিশ ঘটনাস্থলে গিয়া রেল লাইনের উপর হইতে ব্যারিকেড সরাইয়া পুনরায় ট্রেন চলাচলের ব্যবস্থা করে।

প্রশাসন গত সোমবার রাত হইতে শহরে কড়া পুলিশ প্রহরা ও পরীক্ষা কেন্দ্রে দুই প্লাটুন আর্মড পুলিশ মোতায়েন করে।

পরীক্ষা কেন্দ্র নারায়ণগঞ্জ হইতে ঢাকায় সরাইয়া আনার ব্যাপারে বোর্ডের কন্ট্রোলারের সহিত যোগাযোগ করা হইলে তিনি জানান, অভিভাবকদের অনুরোধে ছাত্র-ছাত্রীদের নিরাপত্তার কথা চিন্তা করিয়া জেলা প্রশাসকের সুপারিশে কর্তৃপক্ষ অদ্য (বুধবার) হইতে তোলারাম কলেজ কেন্দ্র ও মহিলা কলেজ কেন্দ্রের পরীক্ষার্থীদের বাকী পরীক্ষাগুলি ঢাকা কলেজ কেন্দ্রে নেওয়ার সিদ্ধান্ত গ্রহণ করিয়াছেন।

স্বরাষ্ট্রমন্ত্রী জনাব এ, এস, এম, মোস্তাফিজুর রহমান গতকাল রাজারবাগ পুলিশ হাসপাতালে নারায়ণগঞ্জ ঘটনায় আহত পুলিশদের দেখিতে যান। মন্ত্রী হাসপাতালে চিকিৎসাধীন ১০জন আহত পুলিশের সহিত তাহাদের চিকিৎসার ব্যাপারে আলাপ করেন।

অন্যান্য স্থানে

জয়পুরহাটে এইচএসসি পরীক্ষা কেন্দ্রের জনৈক পরীক্ষার্থীকে বহিষ্কার এবং পরে গ্রেফতারের প্রতিবাদে বিক্ষোভকারী একদল লোককে ছত্রভঙ্গ করার জন্য পুলিশ গতকাল ২ রাউণ্ড কাঁদানে গ্যাস ছোঁড়ে। পরে গ্রেফতারকৃত ছাত্রকে জামিনে মুক্তি দেওয়া হয়।

সাতক্ষীরায় গত শনিবার নকল করার অভিযোগে জনৈক এইচ এসসি পরীক্ষার্থীকে বহিষ্কার করায় ছাত্ররা গতকাল সাতক্ষীরা সরকারী কলেজের একজন অধ্যাপককে মারধোর করে। অপরদিকে, পুত্রের উত্তরপত্র সংশোধন করিয়া দেওয়ার অভিযোগে কলেজের অধ্যক্ষ একই পরিদর্শক অধ্যাপককে বহিষ্কার করেন।

ঝিনাইদহ : নকল করিতে না দেওয়ার কারণে গতকাল মঙ্গলবার শৈলকুপা কলেজ কেন্দ্রের এইচ এসসি পরীক্ষার্থীরা কেন্দ্রের ৪০ জন পরিদর্শককে কেন্দ্র হইতে বাহির করিয়া কক্ষের দরজা বন্ধ করিয়া দেয়। ছাত্ররা ঝিনাইদহের মহকুমা প্রশাসকের নিকট অপরাহ্ণ সাড়ে তিনটায় উত্তরপত্র জমা দেয়। শিক্ষকরা নিরাপত্তার কারণে পরিদর্শকের পদত্যাগ করিয়াছেন।

চাঁপাইনবাবগঞ্জ : বোর্ড কর্তৃপক্ষ যথাযথ ব্যবস্থা না নেওয়ার কারণে অদ্য মহকুমার সবগুলি কেন্দ্রে চলতি উচ্চ মাধ্যমিক পরীক্ষায় ব্যাপকভাবে নকল চলিতেছে। কানসাট ছাড়া অন্য কোন কেন্দ্রে ম্যাজিষ্ট্রেট নিয়োগ করা হয় নাই।

কুড়িগ্রাম : ইংরেজী দ্বিতীয় পত্রের পরীক্ষার দিন পুলিশ নকল সরবরাহের অভিযোগে কুড়িগ্রাম সরকারী কলেজ কেন্দ্র ২ জন বহিরাগতকে গ্রেফতার করিয়াছে। কেন্দ্রে অবাধে নকল হইতেছে।

খবর আমাদের সংবাদদাতাদের প্রেরিত।